

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

শহীদ শেখ রাসেল টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, সৌথিয়া, পাবনা
EIIN – 139354, BTEB Code - 26222
E-mail : dmmr1965@gmail.com



স্মারক নং - শশেরাটিএসসিসৌথিয়া/প্রশা/২০২২-৩৯

তারিখ: ০৬/০৪/২০২২ খ্রি.

অস্থায়ী ভিত্তিতে নিয়োগ বিজ্ঞপ্তি

১০০ টি উপজেলায় ১ টি করে টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (টিএসসি) স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় নবনির্মিত টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে ক্লাস পরিচালনার জন্য অতিথি বক্তা সম্পৃক্তকরণ নীতিমালা - ২০২১ এর আলোকে শহীদ শেখ রাসেল টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, সৌথিয়া, পাবনাতে নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে অতিথি বক্তা নিয়োগের জন্য আগামী ০৬/০৪/২০২২ খ্রি. (বুধবার) হতে ১৮/০৪/২০২২ খ্রি. (সোমবার) এর মধ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	সম্মানী
১	অতিথি বক্তা : বাংলা	১	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ তে বাংলায় চার বছর মেয়াদী বিএ (সম্মান) ডিগ্রি	১. প্রতি পিরিয়ড (৪৫ মিনিট) বাবদ ৪০০/= (চার শত টাকা) হারে সম্মানী ভাতা প্রাপ্য হবেন। আর কোন রকম আর্থিক বা অন্যান্য সুযোগ সুবিধা দেয়া হবেনা।
২	অতিথি বক্তা : ইংরেজি	১	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ তে ইংরেজিতে চার বছর মেয়াদী বিএ (সম্মান) ডিগ্রি	২. একজন অতিথি বক্তার এক মাসে সর্বোচ্চ ৯৬ টি ক্লাস নেয়া লাগতে পারে।
৩	অতিথি বক্তা : পদার্থ বিজ্ঞান	১	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ তে পদার্থবিজ্ঞানে চার বছর মেয়াদী বিএসসি (সম্মান) ডিগ্রি	৩. সম্মানী বিল হতে বিধি মোতাবেক ভ্যাট/আয়কর কর্তন করা হবে।
৪	অতিথি বক্তা : রসায়ন	১	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ তে রসায়নে চার বছর মেয়াদী বিএসসি (সম্মান) ডিগ্রি	৪. অ্যাকাউন্ট পে চেকের মাধ্যমে অতিথি বক্তাদের সম্মানী ভাতা প্রদান করা হবে।
৫	অতিথি বক্তা : আইটি ও আই.ও.টি বেসিক্স	১	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ তে সিএসই, আইসিই, ইসিই বা আইটি ও আইওটি সংশ্লিষ্ট যেকোন বিষয়ে চার বছর মেয়াদী স্নাতক ডিগ্রি	
৬	অতিথি বক্তা : ইসলাম ধর্ম	১	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ তে ইসলামিক স্টাডিজ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বা আরবি ও ইসলামিক স্টাডিজ বিষয়ে চার বছর মেয়াদী বিএ (সম্মান) ডিগ্রি	

০৬/০৪/২০২২
শহীদ শেখ রাসেল
টেকনিক্যাল স্কুল এন্ড
কলেজ, সৌথিয়া, পাবনা


৭	অতিথি বক্তা : বাংলাদেশ ও বিশ্ব পরিচয়	১	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নূন্যতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ তে সামাজিক বিজ্ঞান/সমাজ বিজ্ঞান, রাষ্ট্র বিজ্ঞান বা আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে চার বছর মেয়াদী বিএসএস (সম্মান) ডিগ্রি
---	---------------------------------------	---	--

শর্তাবলী

- কোর্স সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিশেষজ্ঞ/অবসরপ্রাপ্ত টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ/পলিটেকনিক ইন্সটিটিউটের বিষয়/টেকনোলজি ভিত্তিক শিক্ষকবৃন্দ আবেদন করতে পারবেন।
- সংশ্লিষ্ট বিষয়/টেকনোলজিতে অভিজ্ঞতা সম্পন্ন স্থানীয় পর্যায়ের দপ্তরসমূহে কর্মরত কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন।
- আবেদন পত্রের সাথে দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, মোবাইল নম্বর, এনআইডি কার্ড, চারিত্রিক সনদপত্র, সকল শিক্ষা সনদ ও অভিজ্ঞতা সনদের (যদি থাকে) সত্যায়িত কপি জমা দিতে হবে।
- আবেদন পত্র আগামী ০৬/০৪/২০২২ খ্রি. (বুধবার) হতে ১৮/০৪/২০২২ খ্রি. (সোমবার) এর মধ্যে অফিস চলাকালীন দিবসে সকাল ৯ টা হতে দুপুর ২ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর ডাকযোগে/হাতে হাতে পৌঁছাতে হবে।
- আবেদন ফরমের সাথে অবশ্যই সোনালী ব্যাংক লি., সাঁথিয়া, পাবনা এর অনুকূলে **“অধ্যক্ষ, শহীদ শেখ রাসেল টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, সাঁথিয়া, পাবনা”** এর বরাবর সোনালী ব্যাংক লি. এর যেকোন শাখা হতে ৩০০ (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) জমা দিতে হবে।
- নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত পূরণ হয়নি এমন সকল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
- বাছাইকৃত প্রার্থীদের লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় ও স্থান মোবাইল ফোনে কল করে বা ইমেইলের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।
- অতিথি বক্তাগণ শুধুমাত্র আমন্ত্রণের প্রেক্ষিতে একাডেমিক কার্যক্রমে সম্পৃক্ত থাকবেন।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন রকম টিএ/ডিএ প্রদান করা হবে না।
- এই নিয়োগ ব্যবস্থা নিতান্তই সাময়িক এবং এই সাময়িক নিয়োগ ব্যবস্থাপনার সাথে প্রতিষ্ঠানে স্থায়ী নিয়োগের কোন সম্পর্ক নাই। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এই নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধন/পদ সংখ্যার পরিবর্তন/নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণভাবে বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



০৬/০৪/২০২২ খ্রি.

( মোঃ মসিউর রহমান)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

শহীদ শেখ রাসেল টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, সাঁথিয়া, পাবনা

ফোন: ০১৭১৫৩৯৯৯৭৬

ও সদস্য সচিব,

অতিথি বক্তা সম্পৃক্তকরণ নীতিমালা – ২০২১